

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 03 April, 2025

সরকারের ধর্ম বিষয়ক উপদেষ্টা ড. আফম খালিদ হোসেন বলেছেন, “বিগত দিনে মানুষ ভোট দিতে পারে নাই। আমরা একটি সুন্দর নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর করতে চাই।” তিনি হানাহানি ও জুলুম পরিহারের আহ্বান জানিয়ে বলেন, “আজ আপনি জুলুম করলে কালকে আপনাকেও জুলুমের শিকার হতে হবে।”

বৃহস্পতিবার (৩ এপ্রিল) দুপুরে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার কালীপুর ইউনিয়নের পূর্ব পালেগ্রাম মৌলভীপাড়া মুছাপুকুরপাড় জামে মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা মাঠে আয়োজিত এক ঈদ পুনর্মিলনী ও ঈদ উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথাগুলো বলেন।

ড. খালিদ হোসেন আরও বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন আগের চেয়ে অনেক উন্নত হয়েছে। সকলকে হানাহানি, মারামারি ও কলহ থেকে মুক্ত থাকতে হবে। তিনি সমাজে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার উপর গুরুত্বারোপ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সাইয়েদ আহসান খালিদের সভাপতিত্বে এবং জলদী আধুনিক হাসপাতালের এমডি ও মসজিদ-মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি এসএম শোয়াইবুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাঁশখালী উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ জামশেদুল আলম, বাঁশখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম, চট্টগ্রামের সিভিল সার্জন ডা. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী এবং উপজেলা প্রকৌশলী কাজী ফাহাদ বিন মাহমুদ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাঁশখালী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাওলানা জহিরুল ইসলাম, কালীপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আবুল কালাম, জামায়াত নেতা এনামুল হক জিহাদী, হেফাজত নেতা মাওলানা কারী ফজলুল করিম জিহাদী, মাওলানা মীর আহমদ, মাওলানা আহমদ নজীর, মোহাম্মদ সেলিম প্রমুখ।

পরে বিকেলে ধর্ম উপদেষ্টা ড. আফম খালিদ হোসেন বাঁশখালী পৌরসভার জলদীতে অসুস্থ উপজেলা হেফাজতে ইসলামের আমির মাওলানা নুরুল হক সুজিশকে দেখতে তার বাসভবনে যান। এসময় তার সাথে বাঁশখালী পৌরসভার সাবেক মেয়র কামরুল ইসলাম হোসাইনী, পৌরসভা হেফাজতে ইসলামের আমির মাওলানা হাফিজুর রহমান ও উপজেলা হেফাজতের সেক্রেটারী মাওলানা মহিউদ্দিন জসিম উপস্থিত ছিলেন।

ধর্ম বিষয়ক উপদেষ্টা,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:33

URL: <https://www.timestodaybd.com/public/chittagong/775807264>